

জাবিতে আন্দোলনরত শিক্ষকদের হাতে অবরুদ্ধ রেজিস্ট্রার

জাবি প্রতিনিধি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) শিক্ষক সমাজের আটনফা দাবিতে চলমান কর্মসূচির অংশ হিসেবে বৃহস্পতিবার শিক্ষকরা পোজাঘাটা ও সমাবেশ করেন। এ সময় প্রশাসনিক ভবনে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (নিবন্ধক) আবু বকর সিদ্দিক শিক্ষকদের হাতে আবরুদ্ধ হন।

জানা যায়, বেলা ১১টায় নতুন কলা উবনের সামনে থেকে শিক্ষকদের একটি পোজাঘাটা বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে এসে রেজিস্ট্রার আবু বকর সিদ্দিকের সঙ্গে বিভিন্ন অনিয়ম-দুর্নীতি এবং অতিরিক্ত শিক্ষক নিয়োগ নিয়ে কথা বলেন। রেজিস্ট্রার কোনো সদুত্তর দিতে না পারায় শিক্ষকরা তাকে অবরুদ্ধ এবং তার অফিসের সামনে অবস্থান গ্রহণ করেন। পরে দুপুর ১টায় অবরোধ জুড়ে নেয়া হয়। শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক এএ মামুন জ্ঞানান, তারা প্রশাসনকে চাপ প্রয়োগের চেষ্টা করেছেন, ১০ মার্চের অবৈধ নিয়োগ প্রতিরোধ বন্ধ না হলে তারা আরো কঠোর হবেন। শিক্ষক সমিতির সম্পাদক ও গণিত বিভাগের সহযোগী অধ্যাপক শরীফ উদ্দিন জ্ঞানান, প্রশাসনের পক্ষ থেকে কোনো ধরনের প্রতিশ্রুতি পাননি, তাই তাদের আন্দোলন অব্যাহত থাকবে। ১০ মার্চ গণিত বিভাগে প্রয়োজন ছাড়াই ৩ জনকে দলীয় বিবেচনায় শিক্ষক হিসেবে নিয়োগের কথা রয়েছে।

এ সময় উপস্থিত ছিলেন শিক্ষক সমিতির সাবেক সভাপতি অধ্যাপক এমএ মতিন, অধ্যাপক মোজাম্মেল হক, মানস কুমার চৌধুরী, শামসুল আলম সেলিম, এটিএম আতিকুর রহমান, রফিকুল্লাহী প্রমুখ।

এদিকে 'ডাইনিং হল' কর্মচারীদের চাকরি 'অবরুদ্ধ' পৃষ্ঠা ১৯ কলাম ৬

অবরুদ্ধ : জাবিতে

(শেষ পৃষ্ঠার পর)

স্বায়ীকরণ, শ্রম আইন অনুযায়ী বেতন-জাতা বৃদ্ধি ও বিশ্ববিদ্যালয়ে তাদের ছেলোমেয়েদের পোষা কোটায় অন্তর্ভুক্তকরণের দাবিতে ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল করেছে ডাইনিং হল কর্মচারী সমিতি। আগামী শনি ও রোববার ধর্মঘট পালন কর্মসূচি পালনের ঘোষণা দিয়েছে তারা।